

Pro Re Nata 54 – Kabita – Short – Bratopalon – Bharoti Bandhopadhyay

প্রো রে নাট ৫৪ - ব্রতোপালন - ভারতী বন্দ্যোপাধ্যায়

এই কথাটা ঠিক বলেছ গেঁসাটি,
 তোমার আমার কষ্টীবদল হলে
 পৃথিবীর সব ঈর্ষাগাছের গোড়ায়
 দু এক ফোঁটা বৃষ্টি পড়বে বারে ।

আমিও আমার তরণ অঙ্গ মেজে
 তোমার সঙ্গে গানের মাধুকরী,,
 গাঁ শহরের সবার ঘরে ঘরে
 বৌ - খিয়েরা মারবে উকি - ঝুঁকি ।

পথে যেতে কৃষগুড়ার তলে
 চূড়োর মধ্যে সাজিয়ে নেব ফুল
 আমরা শুধু হাঁটব মাধুকরী
 ভালবাসায় আর হবে না ভুল ।

Kabita – Short – Nasto – Baghbat Roy

প্রো রে নাট ৫৪ - নষ্ট - ভাগবত রায়

কোন রাতে একফালি চাঁদ
 কোন রাতে জ্যোৎস্না ধূয়ে দেয়
 কোন রাত শুধু আমানিশা
 ভরে থাকে ঘোর তমসায় ।

কোন রাতে সাহারার ধূ-ধূ
 কোন রাতে সাগরের ঢেউ
 কোন রাত কাঁদায় আমাকে
 কোন রাতে নষ্ট করে কেউ ।